# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৯২

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

## اَلْفصْلُ الثَّالِثُ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ: مَا سَأَلَ أَحَدٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَن الدجالِ أكثرَ مِمَّا سَأَلْتُهُ وَإِنَّهُ قَالَ لِي: «مَا يَضُرُّكَ؟» قُلْتُ: إِنَّهُمْ يَقُولُونَ: إِنَّ مَعَهُ جَبَلَ خُبْزٍ وَنَهر مَاءٍ. قَالَ: هُوَ أَهْوَنُ عَلَى اللَّهِ من ذَلِك . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (7122) و مسلم (115 / 2939)، (7378) ۔
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৪৯২-[২৯] মুগীরাহ্ ইবনু শুবাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, দাজ্জাল সম্পর্কে রাসূলুল্লাহ (সা.) - এর কাছে আমার চেয়ে বেশি প্রশ্ন আর কেউ করেননি। তিনি আমাকে এটাও বলেছেন, সে তোমার কোন ক্ষতি করতে পারবে না। আমি বললাম, লোকেরা যেহেতু বলাবলি করে যে, তার (দাজ্জালের) সাথে রুটির পাহাড় এবং পানির ঝরনা থাকবে। তখন তিনি (সা.) বললেন, আল্লাহর নিকট তা তো খুবই সহজ (অর্থাৎ আল্লাহ তা'আলা দাজ্জালকে লাঞ্ছিত করবেন)। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৭১২২, মুসলিম ৩২-(২১৫২), ইবনু মাজাহ ৪০৭৩, মুসনাদে আহমাদ ১৮১৯২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ২৬৫৫৫, সহীহ ইবনু হিব্বান ৬৭৮২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৭৩২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَإِنَّهُ قَالَ لِي: «مَا يَضُرُّكَ؟») নবী (সা.) আমাকে তোমার জন্য তার অনিষ্ট থেকে রক্ষাকারী হিসেবে যথেষ্ট। আমি বললাম, লোকেরা অথবা ইয়াহূদী ও খ্রিষ্টানরা বলছে তার নিকট পাহাড় পরিমাণ সম্পদ থাকবে এবং পানির সমুদ্র থাকবে। এর দ্বারা বুঝানো হয়েছে, সে সময়ে পানির সংকট দেখা দিবে এবং ফিতনাহ্-ফাসাদে পৃথিবী ভরে যাবে ও ভূ-পৃষ্ঠের বরকত উঠে যাবে।

(قَالَ: هُوَ أَهْوَنُ عَلَى اللَّهِ من ذَلِك) তিনি (সা.) বলেন, আল্লাহর তা'আলার নিকট এ সমস্ত খুবই সহজ। তিনি তাকে উক্ত ক্ষমতা প্রদান করবেন ঈমান পরীক্ষা করার জন্য। মু'মিন বান্দা তা দেখে মনে করবে এটা তার জন্য পরীক্ষা, তাই সে ঈমানের উপর দৃঢ় থাকবে কিন্তু কাফিররা পদস্খলিত হবে। অথবা উক্ত বাক্যাংশের অর্থ হচ্ছে, আল্লাহর তা'আলার জন্য এটি খুবই নগণ্য ব্যাপার যে, তিনি তার সত্যতার পক্ষে কিছু নিদর্শন প্রদান করবেন, যা দেখে বাহ্যিকভাবে মানুষ ধোঁকা খাবে। তা সত্ত্বেও আল্লাহ তা'আলা তার মাঝে প্রকাশ্য এমন আলামত দিয়ে দিবেন যা তার মিথ্যাবাদী হওয়ার জন্য যথেষ্ট হবে। তার কপালে কাফির’ লেখা থাকবে। যে পড়াশুনা জানে না, সেও পড়তে পারবে। (মিরকাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১৩তম খণ্ড, হা. ৭১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85470

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন